গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

# সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সফটওয়্যারের সাথে Application Programming Interface (API) এর মাধ্যমে জাতীয় গোয়েন্দা নিরাপত্তা অধিদপ্তর (এনএসআই) এবং পুলিশ অধিদপ্তরের বিশেষ শাখা (এসবি)'র Integration (সংযোগ) বিষয়ক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৩ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) - কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সফটওয়্যারের সাথে Application Programming Interface (API) এর মাধ্যমে জাতীয় গোয়েন্দা নিরাপত্তা অধিদপ্তর (এনএসআই) এবং পুলিশ অধিদপ্তরের বিশেষ শাখা (এসবি)'র Integration (সংযোগ)।**

**১.১ আলোচনা:** সভায় সুরক্ষা সেবা বিভাগের সিস্টেম এনালিস্ট অবহিত করেন, বিদেশী কর্মীদের প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্রের আবেদনসমূহ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) হতে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সিস্টেম সফটওয়্যারে প্রেরণ করা হয়। পরবর্তীতে গৃহীত আবেদনসমূহ নিরাপত্তা-২ শাখা কর্তৃক প্রয়োজনীয় তদন্ত প্রতিবেদন সংগ্রহের নিমিত্ত পুলিশ অধিদপ্তরের বিশেষ শাখা (এসবি) এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই) অফিসে বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করা হয়। এছাড়াও বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে সরকারি চাকরির প্রাক-প্রার্থীতা যাচাই, দ্বৈত নাগরিকত্ব ও স্পেনে গমনেচ্ছু বা অবস্থানরতদের ডিজিটাল সনদপত্র প্রদানের কার্যক্রমেও প্রয়োজনীয় তদন্ত প্রতিবেদন সংগ্রহের নিমিত্ত পুলিশ অধিদপ্তরের বিশেষ শাখা (এসবি) এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই) অফিসে তথ্যাদি প্রেরণ করা হয়। বর্তমানে বিদ্যমান সফটওয়্যারে শুধুমাত্র এসবি ও এনএসআই এর প্রধান কার্যালয় এবং সুরক্ষা সেবা বিভাগের মধ্যে তথ্য অনলাইনে আদান-প্রদান করা সম্ভব হচ্ছে। এসবি ও এনএসআই সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সিস্টেম সফটওয়্যার হতে তথ্যাদি ডাউনলোডপূর্বক জেলা বা মাঠ পর্যায় হতে তদন্ত প্রতিবেদন সংগ্রহের জন্য তাদের স্ব স্ব অফিসের নিজস্ব সফটওয়্যারে আপলোড করেন। পরবর্তীতে এসবি ও এনএসআই তাদের স্ব স্ব অফিসের নিজস্ব সফটওয়্যারের মাধ্যমে তদন্ত প্রতিবেদন সংগ্রহপূর্বক আবারো সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত 'অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সিস্টেম সফটওয়্যারে আপলোড করেন, যা সময় সাপেক্ষ এবং প্রতিবেদন প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি করছে। সে মোতাবেক 'অনলাইন সিকিউরিটি

ক্লিয়ারেন্স’ সফটওয়্যারের সাথে Application Programming Interface (API) এর মাধ্যমে এসবি এবং এনএসআই অফিসের প্রধান কার্যালয়ের নিজস্ব সফটওয়্যারে তথ্য আদান প্রদান হলে স্বল্প সময়ের মধ্যে সহজেই তদন্ত প্রতিবেদন প্রাপ্তির অটোমেশন করা সম্ভব হবে এবং প্রত্যেক সেবার আবেদনপত্রের অবস্থা সঠিকভাবে ট্র্যাক করা সম্ভব হবে।

সভাপতি উল্লিখিত API সংযোগের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য মত প্রদান করেন। এর জন্য সংশ্লিষ্ট অফিসকে কতদিনের মধ্যে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করা যাবে সে বিষয়ে মত প্রদান করতে বলেন। পুলিশের বিশেষ শাখা এবং এনএসআই অফিস হতে সভায় উপস্থিত প্রতিনিধি পরবর্তী ১৫ দিনের মধ্যে কারিগরি টিমের সাথে সভা করে (API) সংযোগ কতদিনে সম্পন্ন হবে তা জানাবেন বলে সভায় অবহিত করেন।

সভাপতি নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ‘অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স’ সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

**১.২ সিদ্ধান্ত:**
(১) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচাললিত ‘অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স’ সফটওয়্যারের সাথে Application Programming Interface (API) এর মাধ্যমে জাতীয় গোয়েন্দা নিরাপত্তা অধিদপ্তর (এনএসআই) এবং পুলিশ অধিদপ্তরের বিশেষ শাখা (এসবি)’র Integration (সংযোগ) দ্রুত সম্পন্ন করতে হবে;
(২) API সংযোগ নিমিত্ত সংশ্লিষ্ট অফিসের স্ব স্ব সফটওয়্যারের কাজ নিজস্ব উদ্যোগে এবং অর্থায়নে করতে হবে;
(৩) এসবি এবং এনএসআই অফিস পরবর্তী ১৫ দিনের মধ্যে কারিগরি টিমের সাথে সভা করে API বাস্তবায়নের সম্মতি পত্রসহ বাস্তবায়ন সময়সীমা সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করবে।

**২.০ বিবিধ।**

**২.১ আলোচনা:** সভাপতি সভায় ‘অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স' সফটওয়্যারে ভিসা প্রদান সংক্রাত তথ্য পাওয়ার জন্য বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রতিনিধিকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অনুরোধ জানান। এর জন্য ‘অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স’ সফটওয়্যারের সাথে API সংযোগ করার জন্যও তিনি মতামত প্রদান করেন এবং সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।

**২.২ সিদ্ধান্ত:**
(১) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ‘অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স’ সফটওয়্যারে ভিসা প্রদান সংক্রান্ত তথ্য প্রদানের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করার ব্যপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;
(২) এ বিষয়ে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের বিদ্যামান সিস্টেমের সাথে API সংযোগ বা অধিকতর সুবিধাজনক প্রস্তাবনা থাকলে তা এ বিভাগকে পরবর্তী ১৫ দিনের মধ্যে অবহিত করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইফুল ইসলাম

অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০২৮.১৮.২৫৪

তারিখ: ৫ পৌষ ১৪৩০
২০ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

৩) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, সেগুনবাগিচা, ঢাকা

৪) এ্যাডিশনাল আইজিপি, এ্যাডিশনাল আইজিপি এর দপ্তর, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা

৫) যুগ্মসচিব, নিরাপত্তা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

৬) যুগ্মসচিব, নিরাপত্তা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৭) উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

৯) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

১০) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

১১) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
সিস্টেম এনালিস্ট